

জীবন বৃত্তান্ত



জনাব মো: হাফিজুর রহমান এর জন্ম ৩০ নভেম্বর ১৯৬৫ সালে বরগুনা জেলায়। তাঁর পিতার নাম মরহুম মো: আমজাদ হোসেন ও মাতার নাম হালিমা বেগম। তিনি মোকামিয়া মাধ্যমিক বিদ্যালয় হতে এস.এস.সি এবং সরকারী ব্রজমোহন কলেজ হতে এইচ.এস.সি. সম্পন্ন করে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে স্নাতকোত্তর ডিগ্রী অর্জন করেন। এছাড়া তিনি যুক্তরাজ্যের বার্মিংহাম বিশ্ববিদ্যালয় থেকে স্বাস্থ্য অর্থনীতি ও স্বাস্থ্য নীতি বিষয়ে এমএসসি ডিগ্রী অর্জন করেন।

তিনি বিসিএস (প্রশাসন) ক্যাডারের নবম ব্যাচের সদস্য হিসাবে ২৬.০১.১৯৯১ খ্রি: তারিখ হতে চাকুরী জীবন শুরু করেন। চাকুরী জীবনে তিনি সহ:কমিশনার ও ম্যাজিস্ট্রেট, জামালপুর, সহ: কমিশনার (ভূমি), কাউখালি পিরোজপুর, সহকারী সচিব, অর্থ বিভাগ ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সিনিয়র সহকারী সচিব, শিক্ষা, ধর্ম এবং জনপ্রশাসন মন্ত্রণালয়, পরিচালক (উপ সচিব) স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং যুগ্ম সচিব পদে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় দায়িত্ব পালন করেন। তিনি গত ১২ ডিসেম্বর ২০১৭ হতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে অতিরিক্ত সচিব হিসেবে দায়িত্ব পালন করছেন।

তিনি সরকারি দায়িত্ব পালনের অংশ হিসেবে ইন্দোনেশিয়া, সৌদি আরব, মালয়েশিয়া, জাপান, যুক্তরাজ্য, ফ্রান্স, ভারত, সিংগাপুর, থাইল্যান্ড, ফিলিপাইন ও ভিয়েতনাম ভ্রমণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত। এক পুত্র ও দুই কন্যা সন্তানের জনক।